

তারিখ:
 পৃষ্ঠা: ২

তরুণ প্রজন্মকে আধুনিক জ্ঞান বিজ্ঞান আহরণ করে নিজেদের তৈরি করতে হবে ॥ আইইউবির সমাবর্তনে রাষ্ট্রপতি

স্টাফ রিপোর্টার ॥ ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটির যষ্ঠ সমাবর্তন অনুষ্ঠানে রাষ্ট্রপতি অধ্যাপক একিউএম বদরুদ্দোজা চৌধুরী বলেছেন, একুশ শতকে এসে বিশ্ব পরিস্থিতি দ্রুত পরিবর্তিত হচ্ছে। এই পরিবর্তনের সঙ্গে তাল মিলিয়ে চলতে হলে তরুণ প্রজন্মকে আধুনিক জ্ঞানবিজ্ঞান আহরণ করে নিজেদের তৈরি করতে হবে। রাষ্ট্রপতি বলেন, গত দু' দশকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তিতে বিপ্লব ঘটে গেছে। এর ফলে জ্ঞান আহরণ অনেক সহজ হয়ে গেছে। এই সুযোগটি কাজে লাগিয়ে দেশের উন্নয়নে সবাইকে একযোগে কাজ করতে হবে। পশ্চিমা বিশ্ব এবং প্রাচ্যের জাপান, কোরিয়া, সিঙ্গাপুর এই কৌশল অবলম্বন করেই আজ প্রভূত উন্নতি করেছে। শনিবার সকালে বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কক্ষে এ সমাবর্তন অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন শিক্ষামন্ত্রী ড. এম. ওসমান ফারুক। আইইউবির ভাইস চ্যান্সেলর অধ্যাপক বজলুল মবিন চৌধুরী, ট্রেজারার এ হাফিজ চৌধুরী, এআইটি থাইল্যান্ডের প্রেসিডেন্ট অধ্যাপক জিন লুইস আরমান্ড প্রমুখ বক্তৃতা করেন। এবারের সমাবর্তনের মূল কথা- 'নতুন সহস্রাব্দে বিশ্ববিদ্যালয় শিক্ষার চ্যালেঞ্জ'।

সমাবর্তনে রাষ্ট্রপতি ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর অধ্যাপক চৌধুরী মোট ১৬০ শিক্ষার্থীকে ডিগ্রী প্রদান করেন। এদের মধ্যে ১৩৩ জনকে আন্ডারগ্র্যাজুয়েট এবং ২৭ জনকে এমবিএ ডিগ্রী প্রদান করা হয়। রাষ্ট্রপতি ডিগ্রীপ্রাপ্ত শিক্ষার্থীদের উদ্দেশে বলেন, আপনাদের শুধু নিজেদের কথা চিন্তা করলেই চলবে না, পরিবার ও সমাজের কথাও চিন্তা করতে হবে। অসত্যের বিরুদ্ধে সত্য, অবিচারের বিরুদ্ধে সুবিচার এবং অসত্যতার বিরুদ্ধে সত্য নিয়ে বেঁচে থাকতে হবে। মনে রাখতে হবে আপনাদের ওপরই জাতির ভবিষ্যত নির্ভর করছে। রাষ্ট্রপতি ইন্ডিপেন্ডেন্ট ইউনিভার্সিটি এবং এর শিক্ষার্থীদের সাফল্য কামনা করেন। শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক বলেন, একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলায় প্রথমত তরুণ প্রজন্মকেই এগিয়ে আসতে হবে। আমি মনে করি আজকের ডিগ্রীপ্রাপ্ত শিক্ষার্থীরা দেশ ও দেশের মানুষের কল্যাণে নিজেদের নিয়োজিত করবে। ভাইস চ্যান্সেলর অধ্যাপক বজলুল মবিন চৌধুরী বলেন, ডিগ্রীপ্রাপ্ত শিক্ষার্থীদের আজ বিশ্ব চ্যালেঞ্জ মোকাবেলায় বেরিয়ে পড়তে হবে। কারণ যোগ্যরাই টিকে থাকে।